কম্পিউটার জগৎ

THE MONTHLY COMPUTER JAGAT

প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের

উপদেষ্টা
ড. জামিলুর রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কায়কোবাদ
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. যুগল কৃষ্ণ দাস

সম্পাদনা উপদেষ্টা অধ্যাপক ডা: এ কে এম রফিক উদ্দিন
ডা: এস এম মোরশারফ আমিন

| | |
|---|---|
| সম্পাদক | গোলাপ মুনীর |
| সহযোগী সম্পাদক | মইন উদ্দীন মাহমুদ |
| সহকারী সম্পাদক | এম. এ. হক অনু |
| কারিগরি সম্পাদক | মো: আবদুল ওয়াহেদ তমাল |
| সহকারী কারিগরি সম্পাদক | মুনরাত আক্তার |
| সম্পাদনা সহযোগী | সালেহ উদ্দিন মাহমুদ |

বিদেশ প্রতিনিধি

| | |
|---|---|
| জামাল উদ্দীন মাহমুদ | আমেরিকা |
| ড. বাদল মনজুর-এ-খোদা | কানাডা |
| ড. এল মাহমুদ | ব্রিটেন |
| নির্মল চন্দ্র চৌধুরী | অস্ট্রেলিয়া |
| মাহবুব রহমান | জাপান |
| এস. ব্যানার্জী | ভারত |
| আ. ফ. মো: শামসুজ্জোহা | সিঙ্গাপুর |
| নাসির উদ্দিন শাহজেদ | মধ্যপ্রাচ্য |

| | |
|---|---|
| প্রচ্ছদ | এম. এ. হক অনু |
| ওয়েব মাস্টার | মোহাম্মদ এহতেশাম উদ্দিন |
| কম্পোজ ও অঙ্গসজ্জা | সমর রঞ্জন মিত্র |
| | মো: মাহবুবুর রহমান |

মুদ্রণ : রাইটিস (প্রা.) লি.
৪৪সি/২, আজিমপুর রোড, ঢাকা-১২০৫

| | |
|---|---|
| অর্থ ব্যবস্থাপক | সাজেদ আলী বিশ্বাস |
| বিজ্ঞাপন ব্যবস্থাপক | শিমুল বাদল |
| জনসংযোগ ও বাজার সম্প্রসারণ কর্মকর্তা | শাহনীল সাহেব মাহমুদ |
| উৎপাদন ও বিক্রয় কর্মকর্তা | মো: মুস্তফা ইসলাম অভিক |

প্রকাশক : নাজমা কাদের
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭, ৮৬১৬৭৪৬, ০১৭১১৫৪৪২১৭
ফ্যাক্স : ৮৮-০২-৯৬৬৪৭২৩
ই-মেইল : jagat@comjagat.com
ওয়েব : www.comjagat.com
যোগাযোগের ঠিকানা :
কমপিউটার জগৎ
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭

| | |
|---|---|
| Editor | Golap Monir |
| Associate Editor | Main Uddin Mahmood |
| Assistant Editor | M. A. Haque Anu |
| Technical Editor | Md. Abdul Wahed Tamal |
| Correspondent | Md. Abdul Hafiz |

Published from :
Computer Jagat
Room No.11
BCS Computer City, Rokeya Sarani
Agargaon, Dhaka-1207
Tel : 8125807

Published by : Nazma Kader
Tel : 8616746, 8613522, 01711-544217
Fax : 88-02-9664723
E-mail : jagat@comjagat.com


# সম্পাদকীয়

## আইসিটি : গেল বছর এলো বছর

আরেকটি বছর চলে গেল। এলো নতুন আরেক বছর। প্রতিটি বছর শেষে সমাজের সব স্তরের মানুষ বিদায়ী বছরের সফলতা ও ব্যর্থতা খতিয়ে দেখে। নতুন বছরে পা রেখে দৃপ্ত শপথ উচ্চারণ করে গেল বছরের যাবতীয় ব্যর্থতা কাটিয়ে নতুন নতুন সফলতা নিশ্চিত করতে। অতীতের ভুল থেকে শিক্ষা নিয়ে বাস্তবতার আলোকে নতুন বছরের পথরেখা বা রোডম্যাপ রচনা করতে। এরপর শুরু হয় সেই নতুন পথ ধরে আমাদের নবতর পথ চলা। আমরা অতীতের ব্যর্থতাটুকু যত বেশি খোলা মন নিয়ে খতিয়ে দেখতে পারি, অতীতের ভুলের বৃত্ত থেকে বেরিয়ে আসার সুযোগটা ততই বেড়ে যায়। সেই জন্য পুরনো বছরের পর্যালোচনা ও নতুন বছরের পথরেখা তৈরিতে সবার জন্যই প্রয়োজন আত্মসমালোচনার গভীর উপলব্ধি। দুর্ভাগ্য, জাতি হিসেবে আমরা সে আত্মসমালোচনায় বরাবর কুণ্ঠিত। সেজন্য আত্মশুদ্ধির কাজটা আমাদের জন্য সহজ হয় না। আমাদেরকে বাধ্য হয়ে বৃত্তাবদ্ধ এক অবস্থায় দুঃসহ জীবন-যাপন করতে হয়। যে অবস্থান থেকে সমৃদ্ধ বাংলাদেশ গড়া আমাদের জন্য সম্ভব হচ্ছে না। নতুন ২০১২ বছরটির শুরুতে এ উপলব্ধি সবার মধ্যে আসুক, বৃত্তাবদ্ধতা থেকে বেরিয়ে আসার প্রেরণা।

২০১১ সালটি সবেমাত্র পেরিয়ে এলাম। সেজন্য প্রয়োজন বিদায়ী এ বছরটিতে আমাদের ব্যর্থতা ও সফলতাটুকু নির্মোহভাবে খতিয়ে দেখা। এ ক্ষেত্রে আমাদের ইতির দিক ও নেতির দিক চিহ্নিত করা। এ কাজটি যদি আমরা সঠিকভাবে করতে পারি, তবে আমাদের ভবিষ্যৎ পথচলাকে আমরা অধিকতর বাধামুক্ত করতে সক্ষম হবো। আমরা যে আইসিটিসমৃদ্ধ বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখছি, যে স্বপ্নের কথা বলছি, তা বাস্তবায়ন সম্ভব হবে। এই বিষয়টি মাথায় রেখেই আমাদের এবারের সংখ্যায় 'বাংলাদেশ ২০১১ : ইতিনেতির আইসিটি' শীর্ষক প্রতিবেদনে আমরা আমাদের আইসিটি খাতের ইতির দিক ও নেতির দিক চিহ্নিত করতে চেষ্টা করেছি। আমাদের প্রত্যাশা, দেশের নীতিনির্ধারকেরা এ প্রতিবেদন দৃষ্টে আমাদের ভবিষ্যৎ পথচলার একটা উপায় খুঁজে পাবেন, যে পথ ধরে চলে আমরা নেতির মাত্রা কমিয়ে ইতির মাত্রা বাড়ানোর সুযোগ পাব। নতুন ইংরেজি বছরে তাই বাস্তবতা পাক, সেটাই এ সময়ের চাওয়া।

মো: আবদুল ওয়াহেদ

আমাদের এবারের সংখ্যার প্রচ্ছদ প্রতিবেদনের শিরোনাম 'ওয়েব হোস্টিং কোম্পানি যেভাবে খুঁজে বের করবেন'। এ প্রচ্ছদ প্রতিবেদনে আমরা তুলে ধরার চেষ্টা করেছি হোস্টিং কোম্পানি খুঁজে বের করার সময় আমাদের করণীয় এবং বর্জনীয় কিছু বিষয়। সেই সাথে আমাদের পাঠক সাধারণকে জানাতে চেয়েছি এ ক্ষেত্রে আমাদেরকে কী কী বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে। পাশাপাশি কী কী বিষয় অপরিহার্যভাবে জেনে নিতে হবে। ওয়েব হোস্টিং কোম্পানি বাছাইয়ে এসব করণীয়, বর্জনীয় এবং প্রয়োজনীয় সব তথ্য জানার ব্যাপারে সতর্ক না হলে আমাদের প্রায়ই ঠকতে হয়। এর ফলে আর্থিক ক্ষতিসহ নানা ব্যবসায়িক ঝামেলায় পড়তে হয়, যা আমাদের জন্য অপূরণীয় ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। বাস্তব অভিজ্ঞতার আলোকে লেখক সে ক্ষতি থেকে দূরে থাকার ব্যাপারে আমাদের সবাইকে সচেতন করার প্রয়াসই চালিয়েছেন। আশা করি, এই প্রতিবেদনটি পাঠকদের জন্য উপকার বয়ে আনবে।

সুপ্রিয় পাঠক, আমরা মাসিক কমপিউটার জগৎ-কে আমাদের পাঠকদের চাহিদা অনুসারে সাজাতে চাই। কারণ, আমরা মনে করি একটি পত্রিকার অস্তিত্ব নির্ভরশীল পাঠকপ্রিয়তার ওপর। পাঠকপ্রিয়তা হারালে কোনো পত্রিকাই টিকে থাকতে পারে না। এ উপলব্ধির সূত্র ধরে আমাদের সম্মানিত পাঠকসাধারণের কাছে আমাদের অনুরোধ-আমাদের লিখে জানান, কমপিউটার জগৎ সম্পর্কে আপনাদের ভালোলাগা-মন্দলাগা সব বিষয়। গঠনমূলক সমালোচনা আমাদের সন্ধান দেবে সঠিক চলার পথ। তা আমাদের লিখে জানান, কেমন কমপিউটার জগৎ আপনারা পড়তে চান। আমরা আপনাদের চাওয়া-পাওয়ার সাথে সমন্বয় রেখে আমাদের আগামী দিনের কমপিউটার জগৎ-এর পাঠকপ্রিয়তার পারদমাত্রা আরো উপরে নিয়ে তুলতে চাই। তাই পাঠকসাধারণের প্রতি এই মর্মে, আমাদের কৃতজ্ঞতাও জানাতে চাই এই উপলব্ধিতে যে, বিগত দুই দশকেরও বেশি সময় ধরে কমপিউটার জগৎ-কে দেশের সর্বাধিক পঠিত তথ্যপ্রযুক্তি পত্রিকা হিসেবে জিইয়ে রাখার পেছনে মুখ্য ভূমিকা আমাদের সম্মানিত পাঠকদের। আমাদের প্রত্যাশা, পাঠকদের সে ভূমিকা আগামী দিনেও অব্যাহত থাকবে।

সবশেষে ইংরেজি নববর্ষের ফুলেল শুভেচ্ছা রইল সম্মানিত লেখক, পাঠক, এজেন্ট, বিজ্ঞাপনদাতা, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীর প্রতি। নববর্ষ বয়ে আনুক আমাদের সবার জীবনে অনাবিল আনন্দ আর সুখ।

লেখক সম্পাদক

• প্রকৌশলী তাজুল ইসলাম • সৈয়দ হাসান মাহমুদ • সৈয়দ হোসেন মাহমুদ •